সমকাল

তারিখ 22 JAN 2016
পৃষ্ঠা ২ কলাম ৬


সভাপতি


সাধারণ সম্পাদক

### রোকেয়া বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

# সভাপতি সেলিম সম্পাদক তাবিউর

■ রংপুর অফিস

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নির্বাচনে 'মুক্তিযুদ্ধের চেতনায় প্রগতিশীল শিক্ষক সমাজ' সমর্থিত প্যানেল নিরঙ্কুশ বিজয় লাভ করেছে। সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১২টি পদে জয়লাভ করেছে এ প্যানেল। আর সহসভাপতিসহ দুটি সদস্যপদে জয়লাভ করে 'নীল দল' সমর্থিত প্যানেল থেকে। বুধবার শিক্ষক সমিতির চতুর্থ নির্বাচনে ভোট গ্রহণ শেষে রাতে নির্বাচন কমিশন বেসরকারিভাবে এ ফল ঘোষণা করে।

সভাপতি পদে গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. আর এম হাফিজুর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক পদে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক তাবিউর রহমান নির্বাচিত হয়েছেন। কোষাধ্যক্ষ পদে আলী রায়হান সরকার, যুগ্ম সম্পাদক মো. শরিফুল ইসলাম নির্বাচিত হন। সদস্যপদে ড. মো. গাজী মাজহারুল আনোয়ার, ড. পরিমল চন্দ্র বর্মণ (রিষিণ পরিমল), মো. আতিউর রহমান, এইচ এম তারিকুল ইসলাম, বকুল কুমার চক্রবর্তী, ড. শফিকুর রহমান (শফিক আশরাফ), ড. এ কে এম ফরিদ-উল-ইসলাম ও আসিফ আল মতিন নির্বাচিত হয়েছেন।